

কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের কর্মসূচীতে পুলিশী বাধা ৫ দফা দাবীতে প্রধান উপদেষ্টাকে স্মারকলিপি

স্মারকলিপি: গতকাল দুপুর ১২টায় বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের জাতীয় বেতন ভেলের পূর্ণাঙ্গ সুযোগ সুবিধা জানুয়ারী/০৮ থেকে বকেয়া প্রদাননহ ৫ দফা দাবীতে প্রধান উপদেষ্টার দৃষ্টারে স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপিতে অংশ গ্রহণ করেন- হাবিবুল আহসান বাবুল, হাফিজুর রহমান, রমজান আমী মওল, অলিউল্লাহ হাওলাদার, হাশিমুল কাদের, আতিকুল রহমান প্রমুখ। কেন্দ্রীয় কর্মসূচী কেন্দ্রীয় শহীদ মিনারে মানববন্ধন কর্মসূচী পালনের কথা স্বাক্ষরে পুঁশিশি বাধার মুখে পলন করা সম্ভব হয়নি। কেন্দ্রীয় কার্যালয়ে হাবিবুল আহসান বাবুল

সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শান্তিপূর্ণ মানববন্ধন কর্মসূচী পালনে পুলিশী বাধার তীব্র প্রতিকার জানানো হয়। সমিতির মহাসচিব হাফিজুর রহমান বলেন, জরুরী অবস্থার কারণে শিক্ষকরা না খেয়ে মরে যাবে, আন্দোলন করতে পারবে না। এটা মেনে নেয়া যায় না, তিনি ৩০ মে এর মধ্যে জানুয়ারী/০৮ থেকে বকেয়া প্রদানসহ ৫ দফা দাবী মেনে নিয়ে যোগ্য দেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান। সমিতির সভাপতি বলেন, আশায় আশায় আর কতকাল দিনতিপাত করবো। বিগত ২টি সরকার শিক্ষকদের ন্যায় দাবী পূরণ করেনি। বর্তমান সরকারের প্রায় দেড় বছর পার হলেও

আমাদের দাবী পূরণ হলো না। গত ০৯-১২-০৭ইং প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয় কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয় বেতন ভেলের ৪০% ১২০০/- স্থানীয় ভাতা এর পরিবর্তে ৮০%, ৯০% ও ৯৫% বেতন প্রদানের (পূর্বের দেওয়া বাৎসরিক ১৪ কোটি টাকার নসে অতিরিক্ত ২৮ কোটি টাকাসহ মোট ৪২ কোটি টাকার প্রস্তাব) প্রস্তাবনা অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। ৩০ মে'র মধ্যে উক্ত প্রস্তাবনা ব্যক্তব্যবহনের জোর দাবী জানানো। দাবী বাস্তবায়ন না করলে ১৫ জুন সাংবাদিক সম্মেলনের মাধ্যমে কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে।